



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



পত্র নং : ৪৭০/উ.মা.পরী./৯১(অংশ-১)/ ১৪০৮


তারিখ : ১৪/১১/২০২২

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, গত ১৩/১১/২০২২ খ্রি: অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষা-২০২২ এর ইংরেজি (আবশ্যিক) ২য় পত্র বিষয় কোড -১০৮ পরীক্ষায় ঢাকা-৪৬ (কলেজ কোড ১৩০১ হাবিবুল্লাহ বাহার কলেজ) কেন্দ্রে (কোড : ১২২) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ আবু ইউসুফ মহোদয় পরিদর্শন কালে দেখতে পেয়েছেন যে, আপনার কেন্দ্রের কোন কোন কক্ষে ছোট ছোট (৪ ফুট) বেঞ্চে ২ জন, কোন কোন কক্ষে ৬ ফুট বেঞ্চে ৩ জন পরীক্ষার্থীকে বসানো হয়েছে। অনেক কক্ষে পরীক্ষার্থীরা নিজেদের মধ্যে কথাবার্তা ও পারস্পরিক উত্তরপত্র দেখাদেখি করে লিখছিলো। হল প্রত্যবেক্ষকগণ দায়িত্ব পালনে যথাযথভাবে তৎপর ছিলেন না, যা এইচএসসি পরীক্ষা পরিচালনা নীতিমালা-২০২২ এর সুস্পষ্ট লঙ্ঘন।

এমতবস্থায়, এইচএসসি পরীক্ষা-২০২২ এর নির্দেশনা মোতাবেক নতুন ভাবে আপনার কেন্দ্রের এইচএসসি পরীক্ষার্থীদের যথাযথ সিট প্ল্যান করে বোর্ডকে অবহিত করার জন্য বলা হলো।

এছাড়া উপর্যুক্ত ঘটনার পরিপ্রেক্ষিতে আপনার বিরুদ্ধে কেন বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না - এই মর্মে লিখিত জবাব আগামি ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর বরাবর প্রেরণ করার জন্য নির্দেশ দেয়া হলো।



প্রফেসর মোঃ আবুল বাশার
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ০২-২২৩৩৬৯৮১৫

প্রাপক:

ভারপ্রাপ্ত, কর্মকর্তা

হাবিবুল্লাহ বাহার কলেজ, রমনা, ঢাকা

কেন্দ্র কোড: ১২২, ঢাকা ৪৬,

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- (১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (২) জনাব মোঃ আবু ইউসুফ, অতিরিক্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (৩) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- (৪) জেলা প্রশাসক, ঢাকা
- (৫) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- (৬) অফিস কপি